



এক নজরে গত মাসের কার্যক্রম

- ১৪টি নিয়মিত অডিও প্রোগ্রাম।
- যোগাযোগ দক্ষতা ও সামাজিক সমন্বয়ের উপর ৩টি আলাপচারিতা।
- জলবায়ু পরিবর্তন ও স্থিতিস্থাপকতার উপর ৩টি ম্যাগাজিন।
- জনসাধারণের পরিসেবা ও সামাজিক সমস্যাগুলির উপর ২টি পিএসএ।

ভাই ও বোনের অসাধারণ যুগলবন্ধী

ছোটদের নিয়ে আয়োজিত রেডিও সৈকতের বিশেষ প্রোগ্রাম দূরন্তে ঋদিমা দেবনাথ ও ঋষিক দেবনাথ ভাই-বোনের চমৎকার যুগলবন্ধী দেখতে পাওয়া যায়। তাদের কাছে জানা যায়, তারা নাসারি থেকে সংস্কৃতচর্চা করে আসছে। ঋদিমার মনোমুগ্ধকর গানের সাথে ঋষিক দেবনাথের তবলার ছন্দ দারুণ একটা গানের পরিবেশ সৃষ্টি হয়েছিল। গানের মাঝে তাদের ভাই-বোনের খুনসুটি এবং সঙ্গীদের সাথে তাদের নানা গল্প জমজমাট একটি অনুষ্ঠানের আমেজ তৈরী হয়েছিল। তারা জানান, পড়ালেখা আর সংস্কৃত একসাথে করা সম্ভব হয়েছে সময়ের সঠিক ব্যবস্থাপনা এবং মা-বাবার সাপোর্টের কারণে। দূরন্ত অনুষ্ঠানের ফেইসবুক পোস্টের মাধ্যমে ৩.৮ হাজার মানুষের কাছে পৌঁছেছে এবং ৭২২ জন মানুষ লাইক, কমেন্ট এবং শেয়ার করেছে। সাধারণ মানুষ দূরন্ত অনুষ্ঠান দারুণভাবে উপভোগ করেছে। শিশুদের মাঝে লুকিয়ে রয়েছে বিভিন্ন প্রতিভা। বড়দের উচিত তাদের প্রতিভাকে বিকশিত করতে সাহায্য করা। কেননা, সঠিক সময়ে সঠিক পরিচর্যা আর উৎসাহ পেলেই শিশুদের সুপ্ত প্রতিভা বিকশিত হবে এবং তাদের ভবিষ্যৎ উজ্জ্বল হবে।



ঋষিক দেবনাথ, ঋদিমা দেবনাথ, ক্ষুদে শিল্পী।
উপস্থাপক: আনিকা তাসনিম।



রওনক আরা (উদ্যোক্তা)

প্রাপ্তি

উদ্যোক্তাদের নিয়ে রেডিও সৈকতের বিশেষ অনুষ্ঠান প্রেরণার সন্মানে আমরা গিয়েছিলাম রওনক কুক আর্টসের স্বত্বাধিকারী রওনক আরার কাছে। তিনি বলেন, বর্তমানে আমি চট্টগ্রামের ঐতিহ্যবাহী খাবার নিয়ে কাজ করি। কিন্তু শুরুর দিকে আমার স্বামী বাসায় একটি তাল এনেছিল, আমি তা দিয়ে কিছু তালের পিঠা বানিয়ে পেইজে পোস্ট করি। কোন রকম পুর্জি ছাড়া আমি আমার উদ্যোক্তা হওয়ার যাত্রা শুরু করি। প্রথম দিনে আমার পেইজে ৭০০ টাকার আর্ডার আসে। তার পর আমার আর পিছনে ফিরে তাকানোর প্রয়োজন পড়ে নাই। তার এই গল্পটি আমরা আমাদের রেডিও সৈকতের ফেইসবুকে পোস্ট করা হয়। এই পোস্টটি প্রায় ৫৩০৮ জন মানুষ দেখেছে এবং ১২০ মত লাইক, কমেন্ট এবং শেয়ার করেছে। রওনক আরার উদ্যোক্তার হয়ে উঠার গল্পটি খুবই প্রশংসা পেয়েছে। এগিয়ে যাবার জন্যে খুব বেশী আড়ম্বরতার প্রয়োজন হয়না। ইচ্ছে শক্তির জোরে সুযোগ সৃষ্টি করে আপনিও হতে পারবেন স্বাবলম্বী।

এগিয়ে যাওয়া



কলঘর , রামু (শ্রোতাক্লাব)

আমাদের রেডিও সৈকতের বর্তমানে ৩০টি শ্রোতাক্লাব রয়েছে। গত মাস পর্যন্ত আমাদের সকল শ্রোতাক্লাব ছিল কক্সবাজার সদরে। মার্চ মাসে আমাদের রেডিও সৈকতের কার্যক্রম সকল কভারেজ এরিয়াতে ছড়িয়ে দেওয়ার লক্ষ্য নিয়ে রামুর কলঘর এবং খরুলিয়ার ঘাটপাড়ায় দুইটি শ্রোতাক্লাব গঠন করা হয়েছে। সেইখানে মহিলারা আমাদের জানান তাদের এলাকায় বাল্যবিবাহের প্রবণতা বেশী এবং তাছাড়া অধিকাংশ মানুষ নিম্ন আয়ের হওয়ার কারণে তাদের খুব কষ্টে জীবনযাপন করতে হচ্ছে। আমরা তাদের বাল্যবিবাহের ফলে মেয়েরা কি ধরনের সামাজিক ও শারীরিক সমস্যার সম্মুখীন হতে পারে সেই সম্পর্কে অবগত করি। তাছাড়া গৃহিণীদের আমরা বুঝায় তারা যেন নিজে কিছু করে স্বাবলম্বী হওয়ার চেষ্টা করে যাতে সংসার চালাতে কিছুটা হলে সাহায্য করতে পারে। কক্সবাজারের সকল এলাকায় শ্রোতাক্লাব করে রেডিও সৈকত প্রান্তিক এলাকার মানুষের জীবনযাত্রার মানোন্নয়ের লক্ষ্য নিয়ে সামনে এগিয়ে যাচ্ছে।

শুভেচ্ছাবাণী



নারী দিবসের আলাপচারিতা অনুষ্ঠানের সময় এডভোকেট প্রতিভা দাশ বলেন, রেডিও সৈকতে সবাই নারী কর্মী এবং সবাই স্বাধীনভাবে কাজ করছে। এতে আমাদের কমিউনিটির নারীরা অনুপ্রেরণা পাবে আমি নিজেও অনুপ্রাণিত হচ্ছি। রেডিও সৈকত যেন তার লক্ষ্যে সফল হয় তার জন্য তিনি শুভকামনা জানান।

এডভোকেট , প্রতিভা দাশ

কবি শামীমা আক্তার বলেন, উদীয়মান কিছু তরুণী উদীয়মান কিছু সূর্য ইতিমধ্যে রেডিও সৈকতকে খুব জনপ্রিয় করে তুলেছে। নারীদের উপর দায়িত্ব দিয়ে তাদের প্রতিভার বিকাশ ঘটানোর সুযোগ করে দিয়ার জন্য তিনি রেডিও সৈকতের কর্তৃপক্ষকে তিনি সাধুবাদ জানান।



কবি , শামীমা আক্তার



শ্রোতা মতামত

❖ খুরুশকুল পেচারঘোনা শ্রোতাক্লাবের সদস্যরা আমাদের জানায় তারা অনেকেই মরিচ, টমেটো ,ভুট্টা এবং বিভিন্ন ধরনের শাক চাষাবাদ করে। তারা আরো জানায়, তাদের মরিচের চারায় পাতা কুঁচকে যাচ্ছে এবং পোকা আক্রমণ করছে। তারা আমাদের সাথে এর সমাধানের কোন উপায় থাকলে জানাতে বলেছেন। আমরা এর সমাধান তাদের বলেছি এবং শ্রীশ্রীই এর সমাধান পাব বলে আশা রাখছি।



পেচারঘোনা , মহিলা শ্রোতাক্লাব।

❖ সমিতিপাড়ার গৃহিনীক্লাবের সদস্যদের সাথে কথা বলে জানতে পারা যায় তারা অবসর সময়ে রেডিও সৈকতের প্রোগ্রামগুলো শোনেন। তারা আরো জানায়, প্রেরণা অনুষ্ঠান তাদের খুব ভাল লাগে। এই অনুষ্ঠান শুনে আমরা স্বাবলম্বী হওয়ার চেষ্টা করছি।



সমিতিপাড়া , গৃহিনী শ্রোতাক্লাব